

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৬৯

আগরতলা, ১২ ডিসেম্বর, ২০২৩

**ছত্তিসগড়ের মুখ্যমন্ত্রীর শপথ গ্রহণ  
অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী**

ছত্তিসগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাইয়ের শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। ছত্তিসগড়ের মুখ্যমন্ত্রীর আমন্ত্রণে সাড়া দিয়ে মুখ্যমন্ত্রী আজ সন্ধ্যায় ছত্তিসগড়ের রাজধানী রায়পুরের উদ্দেশ্যে রওনা দিয়েছেন। আগামীকাল রায়পুরে ছত্তিসগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই শপথ নেবেন। উল্লেখ্য, সম্প্রতি ছত্তিসগড়ের বিধানসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টি জয়ী হয়। ছত্তিসগড়ের ভারতীয় জনতা পার্টির পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন বিষ্ণু দেও সাই।

\*\*\*\*\*